

ছোট দাবি অথবা দেওয়ানী আদালতের পদক্ষেপ সংক্রান্ত নির্দেশিকা

আপনি প্রদান না করা বেতন, বেতন সম্পূরক, ওভারটাইম পে, ক্ষতিপূরণ ইত্যাদির বিষয়ে ছোট দাবির আদালতে দাবি উত্থাপন করতে পারেন।

ছোট দাবির আদালত হল একটি অনানুষ্ঠানিক আদালত যেখানে কোনও ব্যক্তি শুধু নিজের প্রাপ্য অর্থ পাওয়ার জন্য, আইনজীবী ছাড়াই মামলা করতে পারেন। আপনি \$3,000 পর্যন্ত অর্থের জন্য শহরতলী বা গ্রামের আদালতে এবং \$5,000 পর্যন্ত অর্থের জন্য শহরের আদালতে মামলা করতে পারেন। আপনার ক্ষয়ক্ষতির দাবির পরিমাণ যদি \$3,000 বা \$5,000-এর বেশি হয়, তাহলে সর্বোচ্চ মাত্রা অতিক্রম হয়ে যাওয়া এড়াতে আপনি সেটাকে দুটি বা তার বেশি দাবিতে ভাগ করতে পারবেন না। আপনার দাবি যদি সর্বোচ্চের বেশি হয়, তাহলে আপনি দেওয়ানী আদালতে মামলা করতে পারেন।

নিউ ইয়র্ক স্টেটের প্রতিটি শহর, শহরতলী এবং গ্রামে ছোট দাবির আদালত

দাবি দাখিল করার জন্য আপনাকে অবশ্যই ফর্ম পূরণ করতে হবে এবং ব্যবসার নাম, বৈধ নাম ও ব্যবসার ঠিকানা সঠিকভাবে প্রদান করতে হবে। ব্যবসার আইনি নাম খুঁজে পাওয়ার জন্য, আপনাকে কাউন্টি ক্লার্কের অফিস সাহায্য করতে পারে। দাবি দাখিল করার জন্য আপনাকে সর্বাধিক \$20.00 পেমেন্ট করতে হবে, এটি দাবির অর্থরাশির উপর বা আপনি কোথায় বসবাস করেন তার উপর নির্ভর করে।

আপনার যদি দোভাষীর প্রয়োজন হয়, তাহলে আদালত বিনামূল্যে তা প্রদান করতে পারে।

আপনি যদি নিউ ইয়র্ক সিটিতে বসবাস করেন, তাহলে নিম্নলিখিত আদালতের অফিসের সাথে যোগাযোগ করুন:

ব্রঙ্ক্স (Bronx) কাউন্টি	851 Grand Concourse	Bronx	NY	10451	(718) 618-2517
কিংস (Kings) কাউন্টি	141 Livingston St.	Brooklyn	NY	11201	(347) 404-9021
নিউ ইয়র্ক (New York) কাউন্টি					
Harlem	170 East 121 St.	নিউ ইয়র্ক	NY	10035	(212) 828-7588
ম্যানহ্যাটন (Manhattan)	111 Centre St.	নিউ ইয়র্ক	NY	10013	(646) 386-5484
কুইন্স (Queens) কাউন্টি	89-17 Sutphin Blvd.	Jamaica	NY	11435	(718) 262-7123
রিচমন্ড (Richmond) কাউন্টি	927 Castleton Ave.	Staten Island	NY	10310	(718) 675-8460

আপনি যদি নিউ ইয়র্ক সিটির বাইরে বসবাস করেন:

নিউ ইয়র্ক আদালতের ওয়েবসাইটে আদালত লোকেটর ব্যবহার করুন: www.nycourts.gov। দাবি দাখিল বিষয়ক তথ্যের জন্য আপনার স্থানীয় আদালতে ফোন করুন।

নিউ ইয়র্ক স্টেট ইউনিফায়েড কোর্ট সিস্টেম ওয়েবসাইটে, আপনি ছোট দাবি বা দেওয়ানী আদালতের পদক্ষেপ সম্বন্ধে নিম্নলিখিত তথ্য পেতে পারেন:

- দাবি দাখিল করা
- আপনার মামলা প্রস্তুত করা
- শুনানি
- রায় জানা

www.nycourts.gov-এ যান এবং এই সকল প্রকাশনা খুঁজুন:

- ছোট দাবি সংক্রান্ত পুস্তিকা; শহর, শহরতলী ও গ্রামের আদালত
- ছোট দাবির আদালতের নির্দেশিকা; NYC, Nassau ও Suffolk কাউন্টি

অন্য কোনও প্রশ্ন থাকলে -এ নিউ ইয়র্ক স্টেট ইউনিফায়েড কোর্ট সিস্টেমের কাছে 1-800-CourtNY (800) 268-7869 বা <mailto:question@nycourts.gov>-এ পাঠাতে পারেন।